

লড়াই শুধুই সন্ত্রাসের বিরুদ্ধে ?

এম টিভি -- আমেরিকা সংবাদ

দুঃস্বপ্নের ১১ সেপ্টেম্বর। ‘বিশ্ব বাণিজ্য কেন্দ্র’র (WTC) অভভেদী জোড়া ইমারত ধূলিসাৎ হয়ে গেল। মৃত -- ২৮-৬৩ জন অসহায় মানুষ। আমেরিকা সন্ত্রাসবাদের বিরুদ্ধে জেহাদে সামিল করলো বিশ্বের অধিকাংশ দেশকে।

খুব সম্প্রতি ‘এম টিভি’ একটি সংবাদ-চিত্র সম্প্রচার শুরু করেছিল দুনিয়া জুড়ে, জ্বলন্ত ধূমায়িত ট্রেড সেন্টার বিল্ডিং -এর দৃশ্যপটকে পেছনে রেখে : ২৮-৬৩ জন অসহায় মানুষ সন্ত্রাসবাদী আক্রমণে মৃত ; সেই প্রেক্ষাপটেই , বিশ্বে ৪ কোটি মানুষ এইচ আই ভি (HIV) আক্রান্ত, অসহায় ; ৮২ কোটি ২৪ লক্ষ মানুষ ক্ষুধার্ত, অসহায় ; ৬৩ কোটি মানুষ গৃহহীন, অসহায়। . . . তাই, কেবলমাত্র সন্ত্রাসবাদের বিরুদ্ধেই লড়াই নয়, এই সন্ত্রাস্ত -করে -দেওয়া ব্যাধি, দারিদ্র্য, আশ্রয়হীনতার বিরুদ্ধেও লড়াই-এ সামিল হওয়া দরকার বিশ্ববাসীর।

‘এম টিভি’র এই তথ্য-চিত্র একবার মাত্র সম্প্রচারিত হতে পেরেছিল , তারপরই মার্কিন সরকার বাটিতি এর প্রচার বন্ধ করে দেয় , পুরোপুরি। . . . কিন্তু তথ্য ‘নিষিদ্ধ’ করে, আবৃত করে, কিংবা বিকৃত করে সব সত্যকে কি চেপে রাখা যায় ? সত্য কোনো সাহসী সূত্রের হাত ধরে উন্মোচিত হওয়ার অপেক্ষায় থেকে যায় ঠিক।

Click [here](#) to see the original MTV Advertisement.